



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.২১৯

তারিখঃ ১৯/০৩/১৮খ্রিঃ

বিষয়ঃ মাঠ সংগঠকদের ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যার এর মাধ্যম পরিচালিত অটোমেশন নির্ভর একটি ব্যতিক্রমী প্রকল্প হিসেবে সর্বমহলে প্রশংসিত হয়েছে। প্রকল্পের সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি সদস্য পর্যায়ে মোবাইল এ্যাপসের মাধ্যমে সফটওয়্যারে তাৎক্ষনিক এন্ট্রি/পোস্টিং দেয়াসহ মাঠ পর্যায়ের সকল কার্যক্রম ফেসবুক এ আপলোড করার জন্য প্রকল্প সদর দপ্তর হতে মাঠ সংগঠকদের মাসে ২জিবি হারে ইন্টারনেট ডাটা ব্যবহার বাবদ বিল পরিশোধ করা হয়; কিন্তু কোন কোন উপজেলায় বরাদ্দকৃত ডাটা সঠিকভাবে কাজ করছে না মর্মে মাঠ পর্যায় হতে জানা যায়। সকল উপজেলায় নির্বিঘ্নে মোবাইল এ্যাপসের মাধ্যমে সফটওয়্যারে তাৎক্ষনিক এন্ট্রি/পোস্টিং দেয়ার কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে নিম্নবর্ণিত শর্তে মার্চ/২০১৮ মাস থেকে প্রত্যেক মাঠসংগঠকের বিপরীতে ইন্টারনেট ব্যবহারের ব্যয় বাবদ মাসিক সর্বোচ্চ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা হারে প্রদানযোগ্য হবে।

“সংশ্লিষ্ট মাঠ সংগঠক নিজ দায়িত্বে ইন্টারনেট ডাটা ক্রয় করে বিল দাখিল করবেন এবং উপজেলা দপ্তর থেকে যথানিয়মে ইন্টারনেট /ফ্যাক্স বিল খাত হতে পরিশোধযোগ্য হবে, তবে এক্ষেত্রে ইন্টারনেট ব্যবহারসহ মোবাইল এ্যাপস এ ডাটা এন্ট্রির বিষয়টি নিশ্চিত হতে হবে, কোনভাবেই ইন্টারনেট ব্যবহার বাবদ বিল বেতনভাতার সাথে পরিশোধ/উত্তোলনযোগ্য হবে না”

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা -----জেলা-----।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.

অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি, জেলাঃ-----। (প্রকল্পভুক্ত ১৫ জেলা)

২. উপ প্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।

৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৪. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫. সহকারী পরিচালক(হিসাব), ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (বরাদ্দমতে মাঠ পর্যায়ে অর্থ ছাড়ের জন্য অনুরোধ করা হলো)।

৬. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা

৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)। (প্রকল্পভুক্ত ৫৯ উপজেলা)

৮. হিসাব সহকারী/মাঠ সংগঠক (ইরেসপো)। (প্রকল্পভুক্ত ৫৯ উপজেলা)

৯. অফিস নথি।

তারিখঃ ১৯ /০৩/১৮খ্রিঃ

আল-আমিন

সহকারী পরিচালক (উন্নয়ন)

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।